রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, এপ্রিল ৪, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/৩১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৭০-কাস্টমস/১০/২০২৪**।—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1) ও (2), Third Schedule এর paragraph 8 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ইলেকট্রনিক সিল ও লক সেবা বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা আমদানি, রপ্তানি, ট্রানজিট, ট্রানশিপমেন্টসহ কাস্টমস বন্দরের সহিত কাস্টমস স্টেশন, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, কাস্টমস বন্ডেড ওয়্যারহাউস, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো (আইসিডি), কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস) বা অফডক স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালার আওতায় স্থাপিত আইসিডি, সিএফএস বা অফডকসমূহ, নৌ-প্রটোকলের আওতাধীন ভেসেলসমূহ, কোস্টাল শিপিং চুক্তির আওতায় আমদানি বা রপ্তানি পণ্যবাহী জাহাজ, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল ও অর্থনৈতিক অঞ্চল, যথাযথ কাস্টমস কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আমদানিকারক বা রপ্তানিকারকের প্রতিষ্ঠান প্রাঙ্গণে (on-chassis delivery) পণ্য পরিবহন এবং সিলিং কার্যক্রম এবং বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোনো বিশেষ ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।


**মূল্য : টাকা ১২.০০**

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) ‘‘**আইন**’’ অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

(খ) ‘‘**ইলেকট্রনিক সিল**’’ বা ‘‘**ই-সিল**’’ অর্থ কন্টেইনার অথবা পণ্যবাহী যানবাহনের অভ্যন্তরে পরিবাহিত পণ্যের নিরাপত্তা বিধানে ব্যবহৃত এক ধরনের ডিভাইস যাহা অবৈধভাবে ঘষা-মাজা বা পরিবর্তন (tempering or manipulation) অথবা অন্য কোনোভাবে হস্তক্ষেপ প্রতিরোধী, অবস্থান শনাক্তকরণ সক্ষমতা সম্পন্ন Global Positioning System (GPS)−যুক্ত সিল যাহা বাহ্যিক গড়নে লক সংযুক্ত থাকায় অভ্যন্তরস্থ পণ্যের বা পণ্যবাহী কন্টেইনারের নিরাপত্তা নিশ্চিত করে;

(গ) **“বোর্ড”** অর্থ National Board of Revenue Order, 1972 (President’s Order No. 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড;

(ঘ) **“র‌্যাপিড রেসপন্স টিম (RRT)”** অর্থ বিধি ১৩ এর অধীন গঠিত র‌্যাপিড রেসপন্স টিম;

(ঙ) **“লক”** অর্থ কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক, কার্গো ভেসেলের হ্যাচ বা সমজাতীয় যথোপযুক্ত কোনো স্থানে, রেল ওয়াগনে বা সমজাতীয় বাহনে ব্যবহার উপযোগী লক যাহা GPS ভিত্তিক সিল সংযুক্ত এবং ইলেক্ট্রনিক ডিভাইস এবং সেন্ট্রাল মনিটরিং সেন্টারের মাধ্যমে খোলা ও বন্ধ করা যায়;

(চ) ‘‘**সেবা**” অর্থ এই বিধিমালার অধীন কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ বা সমজাতীয় যথোপযুক্ত কোনো স্থানে ইলেকট্রনিক সিলকরণ ও লককরণ, সিলের অখণ্ডতা ও সঠিকতা নিশ্চিতকরণ এবং, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথ কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে বা অনুমতিক্রমে সিলের নম্বর মিলাইয়া সিল ও লক খোলা;

(ছ) ‘‘**সেবা গ্রহণকারী**’’ অর্থ আমদানিকারক, রপ্তানিকারক, ট্রানজিট বা ট্রানশিপমেন্ট সেবা গ্রহীতা, কাস্টমস এজেন্ট, লজিস্টিক সেবাদাতা প্রতিষ্ঠান এবং পরিবহন সেবাদাতা প্রতিষ্ঠান;

(জ) ‘‘**সেবা প্রদানকারী**” অর্থ বিধি ৩ এর অধীন নিযুক্ত সেবা প্রদানকারী কোনো প্রতিষ্ঠান;

(ঝ) ‘‘**সেন্ট্রাল মনিটরিং সেন্টার**” অর্থ বিধি ১৪ এর অধীন স্থাপিত সেন্ট্রাল মনিটরিং সেন্টার;

(ঞ) **“সংকেত (alert)”** অর্থ ওয়েবভিত্তিক, ই-মেইল এবং মোবাইল ফোনে খুদে বার্তার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে তাৎক্ষণিক নিম্নবর্ণিত ঘটনা সংঘটনের তথ্য অবহিতকরণ, যথা:—

(অ) সিল সক্রিয়করণ এবং নিষ্ক্রিয়করণ;

(আ) সিলের সিলিং ভাঙ্গিয়া ফেলা;

(ই) সিলের সংকেত বা ট্র্যাকিং সাড়া (response) না দেওয়া;

(ঈ) অনুমোদিত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত স্থানের বাহিরে বা অন্য কোনোভাবে অনুমোদিত স্থানের বাহিরে অকার্যকর (deactivate) করা হইলে;

(উ) অনুমোদিত রুট (route) হইতে বিচ্যুতি হইলে;

(ঊ) নির্ধারিত স্থান ও সময় ব্যতীত অহেতুক বিলম্ব হইলে।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন ও নিয়োগ পদ্ধতি।**—(১) এই বিধিমালার অধীন সিল ও লক সেবা প্রদানের জন্য বোর্ড পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) (পিপিএ) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর) অনুসরণপূর্বক প্রয়োজনীয় সংখ্যক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন ও নিয়োগদান করিবে।

(২) বোর্ড, প্রযোজ্য ক্ষেত্রে, অঞ্চলভিত্তিক ভিন্ন ভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচন ও নিয়োগ দান করিতে পারিবে।

৪। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগের মেয়াদ।**—(১) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সেবা প্রদানের মেয়াদ হইবে প্রতিষ্ঠানের নিয়োগপত্রে সেবা প্রদান শুরুর জন্য উল্লিখিত তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর অথবা দরপত্র দলিলে উল্লিখিত নির্ধারিত সময়:

তবে শর্ত থাকে যে, বোর্ড, যুক্তিসংগত কারণে, চুক্তির শর্ত ও পিপিএ বা পিপিআর অনুযায়ী সেবা প্রদানের মেয়াদ আরও ১ (এক) বৎসর বৃদ্ধি করিতে পারিবে।

(২) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে নিয়োগদানের পর চুক্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে প্রথমে পরীক্ষামূলক কার্যক্রম (trial run) এবং উহা সম্পাদনের অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে পূর্ণাঙ্গ বাণিজ্যিক কার্যক্রম শুরু করিতে হইবে।

৫। **কার্য সম্পাদন জামানত (Performance Security) প্রদান।**—(১) এই বিধিমালার অধীন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে কার্য সম্পাদন চুক্তি সম্পাদনের সময় ৫ (পাঁচ) কোটি টাকার কার্য সম্পাদন জামানত (Performance Security) প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত জামানত ব্যাংক গ্যারান্টি আকারে সদস্য, কাস্টমস নীতি, জাতীয় রাজস্ব বোর্ডের অনুকূলে দাখিল করিতে হইবে যাহার কার্যকারিতা সেবা প্রদান শুরুর জন্য উল্লিখিত তারিখ হইতে চুক্তির মেয়াদ শেষ হইবার তারিখের পরবর্তী ৯০ (নব্বই) দিন পর্যন্ত বহাল থাকিবে:

তবে শর্ত থাকে যে, বোর্ড কোনো নিষ্পত্তিকৃত বা অবিতর্কিত সরকারি পাওনা আদায়ের জন্য উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত কার্য সম্পাদন জামানত আংশিক বা সম্পূর্ণ নগদায়ন ও বাজেয়াপ্তির আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) কোনো সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত চুক্তি বাতিল করা হইলে বা কার্য সম্পাদন জামানতের মেয়াদ উত্তীর্ণ হইলে, যদি সরকারের নিকট উক্ত প্রতিষ্ঠানের কোনো দায় বা অন্য কোনো অনিষ্পন্ন দায় বা দায়িত্ব না থাকে তাহা হইলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে কার্য সম্পাদন জামানত অবমুক্ত করিবে।

৬। **সেবার পদ্ধতি।**—(১) সেবা গ্রহণকারী সেবা গ্রহণের উদ্দেশ্যে বিধি ১৬ এর আওতায় নির্ধারিত হারে ফি পরিশোধ করিবে।

(২) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সেবা গ্রহণকারী বা তৎকর্তৃক নিয়োজিত প্রতিনিধি এবং কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে বা ইলেকট্রনিক পদ্ধতিতে কাস্টমস কর্মকর্তার নিয়ন্ত্রণে কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ বা সমজাতীয় যথোপযুক্ত কোনো স্থানে সিল ও লক করিবে এবং গন্তব্যে পৌঁছাইবার পর কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে বা সমজাতীয় যথোপযুক্ত কোনো স্থানের সিলের অখণ্ডতা যাচাইক্রমে লকের নম্বর মিলাইয়া সিল ও লক খুলিবে:

তবে শর্ত থাকে যে, বোর্ড, আদেশ জারির মাধ্যমে, শর্ত সাপেক্ষে, কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে সিল ও লক খুলিবার বিধান শিথিল করিতে পারিবে।

(৩) যেক্ষেত্রে পণ্যচালান ট্রানজিট বা ট্রান্সশিপমেন্টসহ কাস্টমস-বন্দর হইতে কাস্টমস স্টেশনে অথবা কাস্টমস স্টেশন হইতে কাস্টমস-বন্দরে কিংবা কাস্টমস স্টেশন হইতে কাস্টমস স্টেশনে স্থানান্তর করা হইবে সেই সকল পণ্যচালান সম্পর্কে সেবা গ্রহণকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে পূর্বেই উহা লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে অবহিত করিবে।

(৪) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান চুক্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করিতে ব্যর্থ হইলে সেবা গ্রহণকারী যুক্তিসংগত কারণ উল্লেখপূর্বক, কাস্টমস কর্মকর্তার লিখিত অনুমোদনক্রমে, সিল ও লক ব্যতীত পণ্য কাস্টমস-বন্দর হইতে অন্য কাস্টমস-বন্দর, কাস্টমস স্টেশন, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর, অপসারণ, খালাস বা বোঝাই করিতে পারিবে বা অন্য কোনো স্থান হইতে কাস্টমস বন্দরে পণ্য আনিতে পারিবে।

(৫) প্রাকৃতিক দুর্যোগ বা দুর্ঘটনাজনিত কোনো কারণে পণ্যবাহী যান এবং উহাতে ব্যবহৃত সিল ও লকের কোনো ক্ষতি সাধিত হইলে এবং পরিবাহী যান হইতে পণ্য বাহির করার প্রয়োজন হইলে নিকটস্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট দপ্তর এবং র‌্যাপিড রেসপন্স টিমকে তাহা অবহিত করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, র‌্যাপিড রেসপন্স টিমের যথাযথ কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে ওয়ান টাইম সিল বা ওয়ান টাইম লকের (one time lock (OTL)) মাধ্যমে পণ্যচালান পুনঃসিল ও লক নিশ্চিত করিয়া গন্তব্যে প্রেরণের ব্যবস্থা করিতে হইবে।

৭। **সেবা প্রদানকারীর দায়িত্ব।**—সেবা প্রদানকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান উহার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর, আয়কর, অগ্রিম আয়কর, চার্জ ও ফি, ইত্যাদি যথাসময়ে চুক্তির শর্ত অনুযায়ী পরিশোধ করিবে;

(খ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ই-লক ডিভাইসটি পণ্যের সুরক্ষার জন্য কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচসহ সকল ধরনের পরিবহন মাধ্যমে ব্যবহার উপযোগী হইতে হইবে ও অন্তর্নিহিত ব্যাটারির (built-in battery) ব্যবস্থা থাকিতে হইবে এবং কার্যাবলি সম্পাদনের জন্য বাড়তি কোনো যন্ত্র বা সরঞ্জামের সংযুক্তির প্রয়োজন হইবে না;

(গ) কাস্টমস, অন্যান্য নিয়ন্ত্রণকারী সংস্থা এবং সেবা গ্রহণকারী কর্তৃক পণ্যবাহী যান চলাচল নজরদারি (track) করিতে একটি ওয়েবনির্ভর প্রকৃত সময় ভিত্তিক ব্যবস্থা (real-time system) থাকিবে যাহাতে কাস্টমস, অন্যান্য নিয়ন্ত্রণকারী অথবা সেবা গ্রহণকারীকে ওয়েবনির্ভর প্রকৃত সময় ভিত্তিক পণ্যবাহী যানবাহনের অবস্থান ও নিরাপত্তা প্রভৃতি সেবা প্রদানকারী কর্তৃক বিনামূল্যে ডিজিটাল পদ্ধতিতে জানাইবার ব্যবস্থা রাখিতে হইবে;

(ঘ) সেবা প্রদানকারী উক্ত সিস্টেমসটি নিজস্ব ব্যবস্থাপনায় সচল রাখিবেন, নিয়মিত হালনাগাদ করিবেন, নির্ভুল ও তাৎক্ষণিক তথ্য সরবরাহ করিবার জন্য দায়বদ্ধ থাকিবেন এবং সেন্ট্রাল মনিটরিং সেন্টার এবং কাস্টমস কম্পিউটার সিস্টেমের সহিত তাহার উক্ত সিস্টেম একীভূত (integration) করার ব্যবস্থা রাখিবেন;

(ঙ) দফা (গ)-এ বর্ণিত ওয়েবনির্ভর ব্যবস্থার পাশাপাশি মোবাইল ফোনে খুদেবার্তা (short message service-SMS) এবং ইমেইল আদান-প্রদানের মাধ্যমে ও পণ্যবাহী যানের অবস্থান শনাক্তকরণ এবং নিরাপত্তা প্রভৃতি জানাইবার ব্যবস্থা থাকিতে হইবে এবং সাধারণভাবে প্রতি ২০ (বিশ) মিনিট বা বোর্ড কর্তৃক, সময় সময়, নির্ধারিত পদ্ধতিতে নির্দিষ্ট সময় অন্তর অন্তর পণ্যবাহী যানের অবস্থান এবং নিরাপত্তা প্রভৃতি সংকেতের মাধ্যমে জানাইতে হইবে:

তবে শর্ত থাকে যে, সংকেত প্রদানের জন্য নির্ধারিত কোনো ঘটনা সংঘটিত হইলে সঙ্গে সঙ্গে বোর্ড কর্তৃক নির্ধারিত মোবাইল নম্বর, ই-মেইল ও কাস্টমস কম্পিউটার সিস্টেমে সংকেত প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে;

(চ) সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত সিলের একটি তালিকা সংরক্ষণ করিতে হইবে এবং কাস্টমস কর্তৃপক্ষকে তাহা সরবরাহ করিতে হইবে এবং একটি GPS সিল পুনরায় ব্যবহারযোগ্য বিধায় ইহা একবার ব্যবহারের পর পুনরুদ্ধার, ব্যবহার স্থলে লইয়া আসা এবং পুনরায় ব্যবহারের জন্য নূতনভাবে সিস্টেমে স্থাপন সেবা প্রদানকারীকে নিজ দায়িত্বে করিতে হইবে;

(ছ) বোর্ড বিশেষ কোনো পণ্যচালানের ক্ষেত্রে বিশেষ নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে, সময় সময়, নির্ধারিত ক্ষেত্রের অতিরিক্ত কোনো ক্ষেত্রে সিল ও লক ব্যবহার করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের উক্ত সেবা প্রদানের সক্ষমতা থাকিতে হইবে;

(জ) বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনে, সিল ও লক সংক্রান্ত প্রশিক্ষণ ও এতদ্‌সংক্রান্ত সহযোগিতা প্রদান করিবার সক্ষমতা থাকিতে হইবে;

(ঝ) সংরক্ষিত তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা যেমন, encryption protocol, access control, data backups, ইত্যাদি থাকিতে হইবে এবং উক্ত তথ্য বোর্ডের অনুমতি ব্যতিরেকে অন্য কোনো উদ্দেশ্যে উহা হস্তান্তর, ব্যবহার এবং বিতরণ আইনের আওতায় শাস্তিযোগ্য মর্মে বিবেচ্য হইবে;

(ঞ) কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে ইলেকট্রনিক সিল ও লক করা, সিলের অখণ্ডতা ও সঠিকতা যাচাই, সিল ও লক খোলাসহ সার্বিক সেবা কার্যক্রম পরিচালনার সুবিধার্থে প্রয়োজনে, কাস্টমস বন্দর, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল বা কাস্টমস স্টেশন সংলগ্ন এলাকায় অফিস স্থাপন অথবা প্রতিনিধি মোতায়েন ও প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা করিতে হইবে;

(ট) সেবা প্রদানকারী প্রয়োজনীয় সংখ্যক ইলেকট্রনিক সিল ও লক, আনুষঙ্গিক প্রয়োজনীয় যন্ত্রপাতি ও যন্ত্রাংশ নিজ ব্যয়ে সংগ্রহ করিবে এবং নির্বিঘ্নে সেবা প্রদানের উদ্দেশ্যে নিয়মিত উহা রক্ষণাবেক্ষণ করিবে।

৮। **মাসিক বিবরণী দাখিল।**—চুক্তির শর্তে যাহা কিছুই থাকুক না কেন, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রমসমূহের বিবরণী সেন্ট্রাল মনিটরিং সেন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর বা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোনো কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিবে।

৯। **পরিবীক্ষণ ও নিরীক্ষা।**—(১) বোর্ড সংশ্লিষ্ট সেবা প্রদানকারীর সেবা প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম ও এতদ্‌সংশ্লিষ্ট দলিলাদি পরিবীক্ষণের নিমিত্ত যথাযথ কাস্টমস কর্মকর্তার সমন্বয়ে অনধিক ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে এবং উক্ত কমিটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সেবা প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম, হিসাব ও দলিলাদি পরিবীক্ষণ করিতে পারিবে।

(২) বোর্ড আইনের section 83D এর অধীন নিযুক্ত পেশাদার নিরীক্ষক বা নিরীক্ষক ফার্ম (professional auditor or audit firm) এর দ্বারা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রম, হিসাব ও সংশ্লিষ্ট দলিলাদি নিরীক্ষা করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত পরিবীক্ষণ এবং উপ-বিধি (২) এ বর্ণিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে কোনো গুরুতর অনিয়ম উদঘাটিত হইলে বোর্ড সেবা প্রদানকারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১০। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের চুক্তি বাতিল।**—(১) সেবা প্রদানকারীর কোনো ইচ্ছাকৃত অবহেলা বা গুরুতর অনিয়মের অভিযোগ প্রমাণিত হইলে, বা উদ্দিষ্ট সেবা প্রদান করিতে ব্যর্থ বা অপারগ হইলে বোর্ড, যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করিয়া, চুক্তির শর্ত অনুযায়ী বোর্ড এবং সেবা প্রদানকারীর মধ্যে সম্পাদিত চুক্তি বাতিল করিতে পারিবে।

(২) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগপত্রের কোনো শর্তাদি ভঙ্গ করিলে বোর্ড উক্ত সেবা প্রদানকারীর নিয়োগ বাতিল এবং অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১১। **সেবা গ্রহণকারীর দায়িত্ব।**—(১) যেক্ষেত্রে বোর্ড কর্তৃক ইলেকট্রনিক সিল ও লক ব্যবহারের নির্দেশনা রহিয়াছে সেইক্ষেত্রে কোনো সেবা গ্রহণকারী উক্ত নির্দেশনার আলোকে সিল ও লক ব্যবহার ব্যতীত পণ্যচালান ও যানবাহন অপসারণ করিতে পারিবে না।

(২) এই বিধিমালায় বর্ণিত সেবা গ্রহণের লক্ষ্যে পণ্য স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য চালান সম্পর্কে সেবা গ্রহণকারী কর্তৃক সেবা প্রদানকারীকে পূর্বেই অবহিত করিতে হইবে এবং সেবা প্রদানের ফি এবং প্রযোজ্য ক্ষেত্রে, ভ্যাট, আয়কর এবং প্রযোজ্য অন্যান্য কর, প্রভৃতি যথা সময়ে পরিশোধ করিতে হইবে।

(৩) সেবা গ্রহণকারী পণ্য চালানের নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য প্রয়োজনীয় নিজস্ব নিরাপত্তা গ্রহণ করিবে:

তবে শর্ত থাকে যে, সেবা গ্রহণকারীর ইচ্ছাকৃত অবহেলা বা কার্যক্রমের কারণে পণ্য স্থানান্তরকালে কোনো অনিয়ম সংঘটিত হইলে আইনের বিধান অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা প্রযোজ্য হইবে।

১২। **কাস্টমস কর্মকর্তা, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ও বোর্ডের দায়িত্ব।**—(১) যে কাস্টমস স্টেশনের মাধ্যমে পণ্যচালান আমদানি, রপ্তানি, ট্রানজিট বা ট্রানশিপমেন্ট সম্পন্ন হইবে উহার দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তা নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথা:—

(ক) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যবাহী কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ বা সমজাতীয় যথোপযুক্ত কোনো স্থানে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক ইলেকট্রনিক সিল ও লক করাকালীন প্রযোজ্য ক্ষেত্রে, উপস্থিতি নিশ্চিত করা, সিলের অখন্ডতা যাচাই এবং লক খোলার কার্যক্রম তদারকি;

(খ) নিজ অধিক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক ইলেকট্রনিক সিল ও লক সংক্রান্ত কার্যক্রম যথাযথ প্রক্রিয়ায় সম্পাদন করা হইতেছে কি না উহা-মনিটরিং;

(গ) ইলেকট্রনিক লক ও সিল সংক্রান্ত কোনো অসংগতি বা অনিয়ম নজরে আসা মাত্র র‍্যাপিড রেসপন্স টিম এবং যথাযথ কাস্টমস কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

(২) কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এই বিধিমালার আওতায় সিল ও লকের কোনো অপব্যবহার, বিচ্যুতি বা, ক্ষেত্রমত, সংকেত প্রাপ্ত হইলে আইনের প্রয়োগ ও সার্বিক মনিটরিং করিবে।

(৩) বোর্ড, এই বিধিমালায় বর্ণিত সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে, সেবা গ্রহণকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে, সময় সময়, সভার আয়োজন এবং এই বিষয়ে সার্বিক তদারকি করিবে।

১৩। **র‍্যাপিড রেসপন্স টিম গঠন ও উহার দায়িত্ব।**—বোর্ড, আদেশের মাধ্যমে, প্রয়োজনীয় সংখ্যক কাস্টমস কর্মকর্তার সমন্বয়ে র‍্যাপিড রেসপন্স টিম গঠন করিবে, যাহার দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সিল ও লকের কোনো অপব্যবহার বা বিচ্যুতি গোচরীভূত হইলে বা সংকেত প্রাপ্ত হইলে তৎক্ষণাৎ আইনানুগ ব্যবস্থা গ্রহণ; এবং

(খ) প্রাকৃতিক দুর্যোগ বা দুর্ঘটনাজনিত বা অন্য কোনো কারণে পণ্যবাহী যান বা পরিবাহিত পণ্যের কোনো ক্ষতি সাধনের তথ্য প্রাপ্ত হইলে ঘটনাস্থলে উপস্থিত হইয়া আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং, প্রযোজ্য ক্ষেত্রে, পুনরায় ওয়ানটাইম সিল বা ওয়ান টাইম লকের মাধ্যমে পুনঃসিলকরণ বা লককরণকালে উপস্থিত থাকা।

১৪। **সেন্ট্রাল মনিটরিং সেন্টার স্থাপন।**—(১) বোর্ড, ইলেকট্রনিক সিস্টেমে সিল ও লক সংক্রান্ত যাবতীয় তথ্য এবং প্রকৃত সময় ভিত্তিক ট্র্যাকিং নিশ্চিত করিবার লক্ষ্যে, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের তত্ত্বাবধানে সেন্ট্রাল মনিটরিং সেন্টার স্থাপন করিবে এবং উহার কার্যপরিধি নির্ধারণ করিবে।

(২) সেন্ট্রাল মনিটরিং সেন্টার ইলেকট্রনিক সিস্টেমে সিল ও লক সংক্রান্ত যাবতীয় তথ্য এবং প্রকৃত সময় ভিত্তিক ট্র্যাকিং নিশ্চিত করিবে।

১৫। **আইন প্রয়োগকারী সংস্থা বা অন্যান্য কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ।**—এই বিধিমালার অধীন কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ বা সমজাতীয় যথোপযুক্ত কোনো স্থানে সিল ও লককৃত অবস্থায় পণ্য পরিবহনের ক্ষেত্রে উহার নিরাপত্তা রক্ষার জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কাস্টমস কর্তৃপক্ষ, আইন প্রয়োগকারী অন্যান্য সংস্থা, বন্দর কর্তৃপক্ষ, আইসিডি বা অফডক কর্তৃপক্ষসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করিতে পারিবে।

১৬। **সেবার ফি।**—বোর্ড, এই বিধিমালার অধীন ইলেকট্রনিক সিল ও লক সেবার জন্য, আদেশের মাধ্যমে, যথাযথ ফি আরোপ এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

১৭। **বিধিমালা লঙ্ঘনের জন্য ব্যবস্থা গ্রহণ।**—কেহ এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে তাহার বিরুদ্ধে আইনের সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৮, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম নিষ্পনাধীন থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মো: সাইফুল হক**
দ্বিতীয় সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd